

ইত্তেফাক

**ঢাবির ১০ বিভাগে ২০০**  
**নম্বরের শর্তারোপের**  
**সিদ্ধান্ত স্থগিত**  
**ভর্তি প্রক্রিয়ায় বাধা নেই**

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের দশটি বিভাগে অনার্স প্রথম বর্ষে ভর্তির ক্ষেত্রে বাংলা এবং ইংরেজি বিষয়ে ২০০ নম্বরের শর্তারোপের সিদ্ধান্ত তিন মাসের জন্য স্থগিত করেছে হাইকোর্ট। একইসাথে বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষকে সাক্ষাৎকারসহ ভর্তি প্রক্রিয়া এগিয়ে নিতে বলা হয়েছে। আদালত বলেছে এই স্থগিতাদেশ ভর্তি প্রক্রিয়া পরিচালনার ক্ষেত্রে কোনো প্রভাব তৈরীবে না। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পৃষ্ঠা ২ কলাম ৩

**ঢাবির ১০ বিভাগে**

২৪ পৃষ্ঠার পর

এক আবেদনের পরিপ্রেক্ষিতে বিচারপতি নাইমা হায়দার ও বিচারপতি মুহাম্মদ খুরশিদ আলম সরকারের ডিভিশন বেঞ্চ ইতিপূর্বে দেয়া আদেশ সংশোধন করে এ আদেশ দেন। গত সোমবার হাইকোর্টের এ আদেশের সার্বিক কপি প্রকাশ পায়।

এরূপে এই দশটি বিভাগ সংশ্লিষ্ট ৪ ইউনিটে ভর্তির জন্য সাক্ষাৎকার গত ২২ ডিসেম্বর শুরু হয়েছে। আজও এ ইউনিটের সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে। আর ৫ ইউনিটের সাক্ষাৎকার সম্পন্ন হয়েছে।

এ প্রসঙ্গে গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের ডিপি অধ্যাপক আ আ ম আরেফিন সিদ্দিক বলেন, আদালতের আদেশ অনুযায়ী ভর্তি প্রক্রিয়া চলছে এবং চলবে। এ প্রসঙ্গে ৪ ইউনিটের প্রধান সমন্বয়কারী ও কলা অনুষদের ডিপি অধ্যাপক মদরুল আমিন বলেন, আদালতের আদেশের কোনো কপি আমি পাইনি। ডিপি নির্দেশনা অনুযায়ী সাক্ষাৎকার অনুষ্ঠিত হচ্ছে।

স্মিটকারীদের কৌসুলি ইমরান এ সিদ্দিকী বলেন, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে বিষয়গুলোতে ভর্তির ব্যাপারে শর্তারোপ করেছিল আদালত সেই শর্তারোপ স্থগিত রেখেই সাক্ষাৎকার এবং ভর্তি প্রক্রিয়া চালিয়ে যেতে বলেছে। এ আদেশের ফলে বাতাসা শিক্ষার্থীদের সাক্ষাৎকারে অংশ নিতে আইনগত বাধা নেই। তারা শর্তারোপকৃত বিষয়গুলোতে ভর্তির অনুমতিও পেতে পারে।

বিশ্ববিদ্যালয়ের ২০১২-১৩ সেশনের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী মো. কামালউদ্দিন, মো. রেজাউল করিম, মো. ওমর ফারুক এবং মো. শরীফুল ইসলাম হাইকোর্টে স্মিট আবেদন করেন। আবেদনে ২০০ নম্বরের শর্তারোপের সিদ্ধান্ত চ্যালেঞ্জ করা হয়। অন্যান্যক্ষেত্রে গত ৩ ডিসেম্বর হাইকোর্ট বিশ্ববিদ্যালয়ের এ সিদ্ধান্ত স্থগিতের পাশাপাশি রুল জারি করেন। হাইকোর্টের এ আদেশ সংশোধন চেয়ে সংশ্লিষ্ট কোর্টে আবেদন করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এরপরই হাইকোর্ট তাদের ইতিপূর্বের আদেশ সংশোধন করেন। বিশ্ববিদ্যালয়ের ২০১২-১৩ সেশনের ভর্তি নির্দেশিকায় ১০টি বিভাগে ভর্তির ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় বাংলা এবং ইংরেজি বিষয়ে ২০০ নম্বরের শর্তারোপ করা হয়েছে। বিভাগগুলো হলো- বাংলা, ইংরেজি, ডাটা বিজ্ঞান, আন্তর্জাতিক সম্পর্ক, সমাজ বিজ্ঞান, উইমেন এন্ড গ্রেডুয়েট স্টাডিজ, গনযোগাযোগ ও সাংবাদিকতা, পপুলেশন স্টাডিজ, আইন বিভাগ এবং ডিজিটাল ম্যানেজমেন্ট এন্ড ডাটানার্সবিদ্যা স্টাডিজ ইনস্টিটিউট।

এছাড়া ভর্তি নির্দেশিকায় অর্থনীতি এবং উন্নয়ন অধ্যয়ন বিভাগের ভর্তির ক্ষেত্রে ইসলামী অর্থনীতি গ্রহণযোগ্য নয় বলে উল্লেখ করা হয়েছে। এ শর্তারোপের সিদ্ধান্তের বিষয়েও স্থগিতাদেশ দেয়া হয়েছে।